

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি কাওরানবাজার শাখা

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরানবাজার ঢাকা-১২১৫ এর ঋণগ্রহীতা মেসার্স পলাশ চৌধুরী, ঠিকানাঃ ৩৪/১, পরীবাগ (৩য় তলা), সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা এর কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/১০/২০২৪ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট টাকা ৯,৪৯,২৩,৫২৫.৮২ (টাকা নয় কোটি উনপঞ্চাশ লাখ তেইশ হাজার পাঁচশত পঁচিশ টাকা বিরাশি পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

- ১। All that piece and parcel of the land measuring 5.50 decimals land with a 3 (three) storied residential building there on including all other, right, title, interest, easement etc. appertaining thereto situated within District: Noakhali, P.S & SRO: Sadar, Noakhali, JL Nos. CS. 95, SA. 95, Mouza-Krishnarampur, DS. Kh. No. 88, MRR Kh. No. 74, and corresponding DS & MRR. Dag No. 512, Mutation Kh. No. 1655, Jote No. 1728 within Noakhali Pourashava owned by Md. Zahidul Karim Polash Chowdhury.
- ২। All that premises of 01 (one) shop vide no. E/2 (E-Two), of which floor space measuring 924.65 sft, more or less on the 4th south-east floor of a 8 storied commercial building under the name and style “Nur Jahan Tower” including common space along with demarcated proportionate share of land measuring 110.10 sft or 0.002525 ajutangsha out of 6.75 Khata, situated within District: Dhakai, P.S. Ramna & SRO: Dhaka Sadar, JL Nos. Dhaka City Survey-5, Mouza-Mahamud Nagor, Jote No. 820, Khatians: Dhaka City Survey 5, Dags: Dhaka City Survey 31 owned by Kohinoor Azad Food & Beverage Ltd, Representative by Managing Director, Md. Zahidul Karim Chowdhury.

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৩.১২.২০২৪ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ঢাকা এ রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ঢাকা।